গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
Web : http://coop.companiganj.noakhali.gov.bd/
E-mail : ucokompanigonj@yahoo.com
Facebook ID : uco kompanigonj noakhali
Facebook Page : upazila cooperative office kompanigonj noakhali

উপজেলা সমবায় কর্মকর্তা, উপজেলা সমবায় কার্যালয়,
কোম্পানীগঞ্জ, নোয়াখালী

এবং

জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী
- এর মধ্যে

স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ০১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা সমবায় কর্মকর্তা, উপজেলা সমবায় কার্যালয়, কোম্পানীগঞ্জ, নোয়াখালী

এবং

জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

# সূচিপত্র

উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ..........

প্রস্তাবনা ..........

সেকশন ১: উপজেলা অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ..........

সেকশন ২: উপজেলা অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ..........

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ..........

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ..........

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ..........

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ..........

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ..........

## উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Upazilla Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে উপজেলা সমবায় কার্যালয়, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বিগত ০৩ বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করে। কর্মকর্তাগণের উদ্ভাবনী চর্চার মাধ্যমে নাগরিক সেবা সহজীকরণ, সমবায়কে আরো গণমানুষের সংগঠনে পরিণত করতে ও এর গুণগত মান উন্নয়নে সেবা সহজে ও দ্রুত প্রদানের লক্ষ্যে এ কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম শতভাগ ই-নথি সিস্টেমে সম্পন্ন করা, সমবায় সংগঠনের মাধ্যমে আত্ন-কর্মসংস্থান সৃজন করতে সক্ষম হয়েছে। বিগত তিন অর্থ বছরে মোট ১৩ টি সমবায় সমিতি গঠন করে ২৮০ জনকে নতুনভাবে সমবায়ে সদস্যভুক্ত করা হয়েছে। ২০২১-২২ সনে ১২৩ টি, ২০২২-২৩ সনে ৯৭ টি এবং ২০২৩-২৪ সনে ৭৫ টি কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা কার্য সম্পন্ন করা হয়েছে। নিরীক্ষা ফি ও ভ্যাট ৪২৭৯২৯/- টাকা, নিবন্ধন ফি ও ভ্যাট ১৬১৫/- টাকা এবং সমবায় উন্নয়ন তহবিল(সিডিএফ) ৪৮০৪৭০/- টাকা আদায় করে যথাযথভাবে পরিশোধ করা হয়েছে। টেকসই সমবায় গঠনের নিমিত্তে উপজেলার ভ্রাম্যমান টিমের মাধ্যমে ২৫০ জন সমবায়ীকে ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৭০ জন সমবায়ী ও ৪ জন কর্মকর্তা/কর্মচারির দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ি, কুমিল্লায় ও আঞ্চলিক সমবায় শিক্ষায়তন, ফেনীতে আয়বর্ধনমূলক (আইজিএ) উন্নত প্রশিক্ষণ প্রদান করে স্বাবলম্বী হিসাবে গড়ে তোলার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে ৫৯৭ জনের(পুরুষ/মহিলা) আত্ন-কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। এছাড়াও মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তরের আশ্রয়ণ প্রকল্পের আওতায় পুনর্বাসিত পরিবারের মধ্যে ৩০,৬৭,000/- টাকা ঋণ বিতরণ করে ১৮,৪৬,৫৬৫/- টাকা ঋণের কিস্তি আদায় করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

উন্নয়নমুখী ও টেকসই সমবায় গঠনের মাধ্যমে নোয়াখালী জেলার বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে কোম্পানীগঞ্জ উপজেলার সমবায় কার্যালয়ের চ্যালেঞ্জ বহুবিধ। এ জেলায় নিবন্ধিত সমবায় এর সংখ্যা সমবায় বিভাগীয় (কেন্দ্রীয় ও বিআরডিবি ভুক্ত কেন্দ্রীয় সহ) ৩০৬ টি। নানা শ্রেণি ও পেশার সম্মিলনে সংগঠিত হওয়া বৈচিত্র্যময় কার্যক্রমে বিপুল সংখ্যক সমবায় সমিতিতে সুশাসন প্রতিষ্ঠার জন্য পরিদর্শন, নিরীক্ষাসহ অন্যান্য বিধিবদ্ধ নিয়মে এবং প্রচলিত পদ্ধতিতে নিবিড় মনিটরিং করা অন্যতম বড় চ্যালেঞ্জ। সমবায়ীদের চাহিদা পূরণে যুগোপযোগী আধুনিক প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান এ সময়ের অন্যতম দাবী। এক্ষেত্রে প্রয়োজনীয় জনবল, যানবাহন ও পর্যাপ্ত অর্থ বরাদ্দ থাকলে রুটিন কাজের মাধ্যমে এ সমস্যার সমাধান সম্ভব।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে উপজেলা সমবায় কার্যালয়ের নাগরিক সেবা সহজ করা ও ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান করার মাধ্যমে সমবায়ী উদ্যোক্তা সৃষ্টি করা ও স্ব-কর্মসংস্থানের পথ সুগম করা অন্যতম লক্ষ্য। সমবায়ের মাধ্যমে দেশীয় উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তাদের নিকট সুলভ মূল্যে পৌছে দেয়ার লক্ষ্যে সমবায় পণ্যের ব্রান্ডিং, বাজারজাতকরণে সহায়তা করা হবে। এছাড়া সমবায়ের মাধ্যমে সুবিধাবঞ্চিত অনগ্রসর জনগোষ্ঠীর মহিলাদের সরাসরি ও বিকল্প কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক ও আর্থিক বৈষম্য হ্রাস এবং জীবনযাত্রার মান উন্নয়ন ও ক্ষমতায়নের জন্য নতুন প্রকল্প/কর্মসূচি গ্রহণের নিমিত্ত সমবায় অধিদপ্তরে সুনির্দিষ্ট প্রস্তাব দাখিল করা হবে।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ☐ সমবায় সংগঠনের মাধ্যমে ২১৭ জনের আত্ন-কর্মসংস্থান(পুরুষ/মহিলা) সৃজন করা হবে;
- ☐ ১ টি মডেল সমবায় সমিতি সৃজন করা হবে;
- ☐ ১২৫ জনকে প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান করা হবে;
- ☐ সমবায়ের ভিত্তিতে পন্য উৎপাদন ও বাজারজাতকরণে প্রয়োজনীয় প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান করা হবে;
- ☐ বার্ষিক নির্বাচনী ক্যালেন্ডার মোতাবেক শতভাগ সমবায় সমিতির নির্বাচন অনুষ্ঠান নিশ্চিত করা হবে;
- ☐ ৪০ টি সমবায় সমিতি পরিদর্শন এবং ৬৭ টি কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদন করা হবে।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপজেলা সমবায় কর্মকর্তা, উপজেলা সমবায় কার্যালয়, কোম্পানীগঞ্জ, নোয়াখালী

এবং

জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী-এর মধ্যে ২০২৪ সালের ...জুন...... ...০৪....... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

# উপজেলা অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### .১ রূপকল্প (Vision)

টেকসই সমবায় টেকসই উন্নয়ন।

### .২ অভিলক্ষ্য (Mission)

মবায়ীদের সক্ষমতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কৃষি, অকৃষি, আর্থিক ও সেবা খাতে টেকসই সমবায় গড়ে তোলা।

### .৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ উপজেলা অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. উৎপাদন, আর্থিক ও সেবাখাতে সমবায় গঠন

২. টেকসই সমবায় গঠন

৩. সমবায় সংগঠনের সক্ষমতা বৃদ্ধি ও মানব সম্পদ উন্নয়ন

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### 8 কার্যাবলি (Functions)

১. সমবায় নীতিতে সমবায় বান্ধব কর্মকান্ডে উদ্বুদ্ধকরণ ও নিবন্ধন প্রদান

২. নিরীক্ষা, পরিদর্শন ও তদারকির মাধ্যমে সমবায় সমিতিগুলোতে সুশাসন প্রতিষ্ঠা করা;

৩. সমবায় অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারিদের প্রশিক্ষণ/উচ্চতর প্রশিক্ষণের সুযোগ সৃষ্টির মাধ্যমে পেশাগত দক্ষতা বৃদ্ধি করা;

৪. প্রশিক্ষণের মাধ্যমে সমবায়ীদের দক্ষতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃজনে সহায়তা করা;

৫. সমবায় নেটওয়ার্কিং জোরদার করার লক্ষ্যে সমবায় মূল্যবোধের প্রচার, প্রকাশনা, সেমিনার ও কর্মশালার আয়োজন এবং প্রাতিষ্ঠানিক স্বীকৃতি প্রদান

৬. পুঁজি গঠন ও বিনিয়োগের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি করা;

৭. গ্রামীণ মহিলা ও সাধারণ জনগোষ্ঠির ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে সমবায় ভিত্তিক প্রকল্প ও কর্মসূচির বাস্তবায়ন;

৮. সমবায় পন্য ব্রান্ডিং ও বাজার সংযোগ প্রতিষ্ঠায় সমবায়ীদের দক্ষতা উন্নয়নে সহায়তা করা

৯. অভিলক্ষ্য অর্জনে প্রয়োজনীয় নীতিমালা,উন্নয়ন কর্মসূচী এবং উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে সমবায় অধিদপ্তরকে সহযোগিতা করা।

## সেকশন ৩
## কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] উৎপাদন, আর্থিক ও সেবাখাতে সমবায় গঠন | ২৫ | [১.১] নিবন্ধন | [১.১.১] প্রাক-নিবন্ধন প্রশিক্ষণের মাধ্যমে উদ্বুদ্ধকৃত প্রশিক্ষণার্থীর সংখ্যা | সমষ্টি | জন (লক্ষ) | ৮ | ০.০০০৪৩ | ০.০০০৪৬ | ০.০০০৫০ | ০.০০০৪৮ | ০ | ০ | ০ | ০.০০০৪৮ | ০.০০০৫০ |
| | | | [১.১.২] নিবন্ধন আবেদন নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ৭ | ১০০% | ১০০% | ১০০ | ৯০ | ০ | ০ | ০ | ১০০% | ১০০% |
| | | [১.২] উৎপাদনমুখী খাতে সমবায়ীদের পুঁজি বিনিয়োগের মাধ্যমে আত্ন-কর্মসংস্থান | [১.২.১] সমবায় সংগঠনের মাধ্যমে আত্ন-কর্মসংস্থান সৃজিত (পুরুষ) | সমষ্টি | জন (লক্ষ) | ৫ | ০.০০১৮৭ | ০.০০১৭২ | ০.০০১৭৫ | ০.০০১৬৫ | ০ | ০ | ০ | ০.০০১৮০ | ০.০০১৮৫ |
| | | | [১.২.২] সমবায় সংগঠনের মাধ্যমে আত্ন-কর্মসংস্থান সৃজিত (মহিলা) | সমষ্টি | জন (লক্ষ) | ৫ | ০.০০০৪৫ | ০.০০০৪০ | ০.০০০৪২ | ০.০০০৪০ | ০ | ০ | ০ | ০.০০০৪৫ | ০.০০০৪৮ |
| [২] টেকসই সমবায় গঠন | ২৫ | [২.১] তদারকি ও মানোন্নয়ন | [২.১.১] সমবায় সমিতির বার্ষিক নির্বাচনি ক্যালেন্ডার সংকলিত | তারিখ | তারিখ | ২ | ০৭.৬.২২ | ১২.০৬.২৩ | ১২.০৮.২৪ | ২৯.০৮.২৪ | ০ | ০ | ০ | ১৪.০৮.২৫ | ১৩.০৮.২৬ |
| | | | [২.১.২] মডেল সমবায় সমিতি সৃজন | সমষ্টি | সংখ্যা | ২ | ২ | ১ | ১ | ১ | ০ | ০ | ০ | ১ | ১ |
| | | | [২.১.৩] অকার্যকর সমিতির হালনাগাদ তালিকা সংকলিত | তারিখ | তারিখ | ২ | ০৭.০৬.২২ | ২৩.০৭.২৩ | ১২.০৮.২৪ | ২৯.০৮.২৪ | ০ | ০ | ০ | ১৪.০৮.২৫ | ১৩.০৮.২৬ |
| | | [২.২] সমবায় সুশাসন | [২.২.১] কার্যকর [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| | | | [২.২.২] সমবায় সমিতি পরিদর্শন সম্পাদিত | সমষ্টি | সংখ্যা | ৩ | ৩৫ | ৩৮ | ৪০ | ৩৮ | ০ | ০ | ০ | ৪০ | ৪২ |
| | | | [২.২.৩] কার্যকর সমিতির নির্বাচন অনুষ্ঠিত/অন্তর্বর্তী কমিটি গঠিতত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | ১০০% | ১০০% | ৯২ | ৮০ | ০ | ০ | ০ | ৯০ | ৯০ |
| | | | [২.২.৪] কার্যকর সমিতির বার্ষিক আর্থিক বিবরনী প্রাপ্তি নিশ্চিত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | ৪৯ | ৩৮ | ৫৫ | ০ | ০ | ০ | ০ | ৩৮ | ৪১ |
| | | | [২.২.৫] নিরীক্ষা সম্পাদিত সমিতির এজিএম অনুষ্ঠিত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | ৫০% | ৫০% | ৭২ | ৬৫ | ০ | ০ | ০ | ৭০ | ৬০ |
| | | | [২.২.৬] নিরীক্ষা সংশোধনী প্রতিবেদন দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | ৪৯ | ৩৩ | ৩৫ | ৩৩ | ০ | ০ | ০ | ৮০ | ৯০ |
| | | [২.৩] রাজস্ব আদায় | [২.৩.১] নিরীক্ষা ফি আদায়কৃত | ক্রমপুঞ্জিভূত | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ০ | ০ | ০ | ১০০ | ১০০ |
| | | | [২.৩.২] সমবায় উন্নয়ন তহবিল আদায়কৃত | ক্রমপুঞ্জিভূত | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ০ | ০ | ০ | ১০০ | ১০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৩] সমবায় সংগঠনের সক্ষমতা বৃদ্ধি ও মানব সম্পদ উন্নয়ন | ২০ | [৩.১] স্থানীয় চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ | [৩.১.১] ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠিত (পুরুষ/মহিলা) | সমষ্টি | জন | ৮ | ১০০ | ১০০ | ১০০ | ৭৫ | ০ | ০ | ০ | ১০০ | ১০০ |
| | | [৩.২] সমবায় ইনস্টিটিউটে চাহিদা অনুযায়ী প্রশিক্ষণার্থী প্রেরণ | [৩.২.১] প্রশিক্ষণার্থী প্রেরিত (পুরুষ/মহিলা) | ক্রমপুঞ্জিভূত | % | ৭ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ০ | ০ | ০ | ১০০ | ১০০ |
| | | [৩.৩] প্রাতিষ্ঠানিক স্বীকৃতি | [৩.৩.১] জাতীয় সমবায় পুরস্কারের জন্য মনোনয়ন প্রেরিত | ক্রমপুঞ্জিভূত | % | ৫ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ০ | ০ | ০ | ১০০ | ১০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

## উপজেলা সমবায় কার্যালয়, কোম্পানীগঞ্জম নোয়াখালী এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২৪-২০২৫ অর্থবছরের লক্ষ্যমাত্রা | লক্ষ্যম ত্রা/ অর্জন | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ ২০২৪-২০২৫: ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | অর্জিত মান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| **১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা………………………………….. ৬** | | | | | | | | | | | | | |
| ১.১ নৈতিকতা কমিটি সভা আয়োজন | সভা আয়োজিত | ২ | সংখ্যা | ইউসিও | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | ৪ | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.২ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের stakeholders) অংশগ্রহণে সভা | অনুষ্ঠিত সভা | ২ | সংখ্যা | ইউসিও | ২ | লক্ষ্যমাত্রা | - | ১ | - | ১ | ২ | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৩ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ /মত বিনিময় সভার আয়োজন | প্রশিক্ষিত কর্মচারি | ১ | সংখ্যা | ইউসিও | ২ | লক্ষ্যমাত্রা | - | ১ | - | ১ | ২ | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৪ কর্ম-পরিবেশ উন্নয়ন : (পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/৪র্থ শ্রেণির কর্মচারিদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা) | উন্নত কর্ম-পরিবেশ | ১ | সংখ্যা ও তারিখ | ইউসিও | ২ টি ও ৩১/১২/২০২৪ ৩০/০৬/২০২৫ | লক্ষ্যমাত্রা | - | ৩১/১২/২০২৪ | - | ৩০/০৬/২৫ | ৩১/১২/২৪ ৩০/০৬/২৫ | | |
| | | | | | | অর্জন | | | | | | | |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২৪-২০২৫ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ ২০২৪-২০২৫ | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | অর্জিত মান | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| **২. ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার ........................................ ২** | | | | | | | | | | | | | |
| ২.১ ২০২৪-২৫ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত | ২ | তারিখ | ইউসিও | ৩১/০৭/২০২৪ | লক্ষ্যমাত্রা | ৩১/০৭/২৪ | - | - | - | ৩১/০৭/২৪ | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| **৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম................. ২** | | | | | | | | | | | | | |
| ৩.১ সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ | রেজিস্টার হালনাগাদকৃত | ২ | % | হেল্প ডেস্ক | ১০০ | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | |
| | | | | | | অর্জন | | | | | | | |

এনআইএস ফোকাল পয়েন্ট
ও
সহ: পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়,কোম্পানীগঞ্জ, নোয়াখালী

উপজেলা সমবায় কর্মকর্তা
কোম্পানীগঞ্জ,নোয়াখালী

উপজেলা সমবায় কার্যালয়, কোম্পানীগঞ্জ নোয়াখালী এর **ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন** কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষমাত্রা -২০২৪-২৫ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১.১] সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারনা বাস্তবায়িত | [১.১.১] সেবা/অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে নূন্যতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত | তারিখ | ১০ | ০৯/৩/২৫ | ১৬/৩/২৫ | ২৩/৩/২৫ | ৩০/৩/২৫ | ০৬/৪/২৫ |
| [২.১.১] ইতঃপূর্বে বস্তবায়িত সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা চালমান রাখা | [২.১.১] নিজ অফিসসহ আওতাধীন অফিস সমুহে ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও সেবাসমুহ চালু রাখা | সংখ্যা | ২ | ৪ | ৩ | ৩ | ১ | - |
| [৩.১]ইনোভেশন শোকেসিং | [৩.১.১] আওতাধীন অফিস সমুহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজিত এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচিত | তারিখ | ৬ | ১৫/৪/২৫ | ২২/৪/২৫ | ২৯/৪/২৫ | ০৫/৫/২৫ | ১২/৫/২৫ |
| [৪.১] ই-নথির ব্যবহার বৃদ্ধি | [৪.১.১] ই-ফাইলে নোট নিস্পত্তিযোগ্য নথির তালিকা নির্ধারিত | তারিখ | ২ | ৩১/৮/২৪ | ০৮/৯/২৪ | ১৫/৯/২৪ | ২২/৯/২৪ | ২৯/৯/২৪ |
| | [৪.১.২]ই-ফাইলে নোট নিস্পত্তিকৃত | % | ৮ | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | [৫.১.১]তথ্য বাতায়ন হালনাগাদকৃত | সংখ্যা | ৬ | ৪ | ৩ | ২ | ১ | - |
| | [৫.১.২]আওতাধীন অফিসসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণ নিশ্চিতকরণ | সংখ্যা | ৩ | ৪ | ৩ | ২ | ১ | - |
| [৬.১] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কর্মশালা আয়োজন | [৬.১.১] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ সংক্রান্ত ৩টি স্তম্ভের আলোকে করণীয় নির্ধারণ বিষয়ক কর্মশালা/সেমিনার আয়োজিত | সংখ্যা | ৪ | ৪ | ৩ | ২ | ১ | - |
| [৭.১] অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সফটওয়ার বাস্তবায়ন | [৭.১.১] নিজ অফিস ও আওতাধীন অফিসে অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সফটওয়ার বাস্তবায়িত | তারিখ | ৫ | ০১/১২/২৪ | ১৫/১২/২৪ | ২৯/১২/২৪ | ০৫/১/২৫ | ১২/১/২৫ |
| [৮.১]মাইগভ প্লাটফর্মের ব্যবহার | [৮.১.১]মাইগভ প্লাটফর্মের মাধ্যমে ডিজিটাইলাজেশনযোগ্য সরকারি সেবা চিহ্নিতকরণ ও ডিজিটাইলাজেশনের লক্ষ্যে কর্মশালা আয়োজিত | | | | | | | |

## উপজেলা সমবায় কার্যালয়, কোম্পানীগঞ্জ নোয়াখালী এর অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫

| কার্যক্রমের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষমাত্রা -২০২৪-২০ | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চ |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | |
| সক্ষমতা অর্জন | ২৫ | [২.১] নিজ অফিস ও আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারি ও স্টেকহোল্ডারদের সমন্বয়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ/কর্মশালা/কর্মশালা/ সেমিনার/ অবজহিতকরণ সভা আয়োজন | [২.১.১] প্রশিক্ষণ/কর্মশালা / সেমিনার/স্টেক হোল্ডারের সমন্বয়ে সভা আয়োজিত | সংখ্যা | ৫ | ১ | - | - | |
| | | [২.২]আওতাধীন দপ্তর/সংস্থার না থাকলে নিজ অফিসের কর্মকর্তা/কর্মচারি ও স্টেকহোল্ডারদের সমন্বয়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ/কর্মশালা/কর্মশালা/ সেমিনার/ অবজহিতকরণ সভা আয়োজন এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক বার্ষিক প্রতিবেদন প্রণয়ন। | [২.২.১] প্রশিক্ষণ/কর্মশালা / সেমিনার/স্টেক হোল্ডারের সমন্বয়ে সভা আয়োজিত [২.২.২] বার্ষিক প্রতিবেদন প্রেরিত | | | | | | |

## উপজেলা সমবায় কার্যালয়, কোম্পানীগঞ্জ নোয়াখালী এর সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫

| ...কমের | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষমাত্রা -২০২৪-২৫ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ...ানিক ...ম | ২৫ | [১.১] ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ পূর্বক ও ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন এবং প্রয়োজনীয় ক্ষেত্রে প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ। | [১.১.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | সংখ্যা | ১০ | ৪ | ৩ | ২ | ১ | |

## উপজেলা সমবায় কার্যালয়, কোম্পানীগঞ্জ নোয়াখালী এর **তথ্য অধিকার কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫**

| কার্যক্রমের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন ২০২৩-২৪ | লক্ষমাত্রা -২০২৪-২৫ | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| প্রাতিষ্ঠানিক | ০২ | [১.১] তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি | [১.১.১] নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি | % | ০২ | | | ১০০% | ৯০% | ৮০% |
| সক্ষমতা বৃদ্ধি | ০১ | [২.১] বার্ষিক প্রতিবেদন প্রকাশ | [২.১.১ নির্ধারিত সময়ে বার্ষিক প্রতিবেদন প্রকাশিত | তারিখ | ০১ | | | ১৫/১০/২৪ | ৩১/১০/২৪ | ৩০/১১/২৪ |

আমি, উপজেলা সমবায় কর্মকর্তা, উপজেলা সমবায় কার্যালয়, কোম্পানীগঞ্জ, নোয়াখালী, জেলা সমবায় ক
জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থ

আমি, জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী হিসাবে উপজেলা সমবায় কর্মকর্তা, উ
সমবায় কার্যালয়, কোম্পানীগঞ্জ, নোয়াখালী-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা
প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

08-06-2024

উপজেলা সমবায় কর্মকর্তা
উপজেলা সমবায় কার্যালয়, কোম্পানীগঞ্জ,
নোয়াখালী

তারিখ

08/6/24

জেলা সমবায় কর্মকর্তা
জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী

তারিখ

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আইজিএ | আয়বর্ধক কার্যক্রম/উদ্যোক্তা সৃজন |
| ২ | আসই | আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউট |
| ৩ | এজিএম | বার্ষিক সাধারণ সভা |
| ৪ | এনআইডি | জাতীয় পরিচয় পত্র |
| ৫ | এসডিজি | টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা |
| ৬ | কার্যকর | পূর্ববর্তী বছরে লেনদেন সহ যাবতীয় কার্যক্রমে সচল থাকা সমিতি |
| ৭ | টিসিভি | টাইম কস্ট ভিজিট |
| ৮ | বিআরডিবি | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড |
| ৯ | বিসিএ/বাসএ | বাংলাদেশ সমবায় একাডেমি |
| ১০ | সিআইজি | কমন ইন্টারেস্ট গ্রুপ |
| ১১ | সিডিএফ | সমবায় উন্নয়ন তহবিল |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] নিবন্ধন | [১.১.১] প্রাক-নিবন্ধন প্রশিক্ষণের মাধ্যমে উদ্বুদ্ধকৃত প্রশিক্ষণার্থীর সংখ্যা | উপজেলা সমবায় কার্যালয় কোম্পানীগঞ্জ, নোয়াখালী | সভা আয়োজন কর্মসূচি, সভার হাজিরা শীট, বিভিন্ন অবস্থান থেকে নেয়া ছবি, প্রশিক্ষণের নোটিশ জারি করতে হবে |
| | [১.১.২] নিবন্ধন আবেদন নিষ্পত্তিকৃত | উপজেলা সমবায় কার্যালয়, কোম্পানীগঞ্জ ও জেলা সমবায় কার্যালয়,নোয়াখালী | নিবন্ধন আবেদন প্রাপ্তি সূচীকরণ ও নিষ্পত্তি রেজিস্টার(আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা, আবেদন গ্রহণের তারিখ, নিবন্ধন/প্রত্যাখ্যান, নিষ্পত্তির তারিখ |
| [১.২] উৎপাদনমুখী খাতে সমবায়ীদের পুঁজি বিনিয়োগের মাধ্যমে আত্ন-কর্মসংস্থান | [১.২.১] সমবায় সংগঠনের মাধ্যমে আত্ন-কর্মসংস্থান সৃজিত (পুরুষ) | উপজেলা সমবায় কার্যালয় কোম্পানীগঞ্জ, নোয়াখালী | সমবায় সংগঠনের প্রত্যয়ন (আত্ন-কর্মসংস্থানসৃষ্ট সমবায়ীর নাম, ঠিকানা, কর্মের ধরণ, ঋণ প্রদানের পরিমাণ ও মোবাইল নম্বর |
| | [১.২.২] সমবায় সংগঠনের মাধ্যমে আত্ন-কর্মসংস্থান সৃজিত (মহিলা) | উপজেলা সমবায় কার্যালয় কোম্পানীগঞ্জ, নোয়াখালী | সমবায় সংগঠনের প্রত্যয়ন (আত্ন-কর্মসংস্থানসৃষ্ট সমবায়ীর নাম, ঠিকানা, কর্মের ধরণ, ঋণ প্রদানের পরিমাণ ও মোবাইল নম্বর |
| [২.১] তদারকি ও মানোন্নয়ন | [২.১.১] সমবায় সমিতির বার্ষিক নির্বাচনি ক্যালেন্ডার সংকলিত | উপজেলা সমবায় কার্যালয় কোম্পানীগঞ্জ, নোয়াখালী | স্মারক নং তারিখ সহ পত্র এবং নির্বাচনী ক্যালেন্ডার সংকলিত |
| | [২.১.২] মডেল সমবায় সমিতি সৃজন | উপজেলা সমবায় কার্যালয় কোম্পানীগঞ্জ, নোয়াখালী | উপজেলা সমবায় কার্যালয় কর্তৃক নির্দিষ্ট তারিখের মধ্যে প্রণীত অকার্যকর সমবায়ের তালিকা প্রণয়ন (সমিতির নাম,রেজি: নং ও তারিখ, অকার্যকর হওয়ার তারিখ) |
| | [২.১.৩] অকার্যকর সমিতির হালনাগাদ তালিকা সংকলিত | উপজেলা সমবায় কার্যালয় কোম্পানীগঞ্জ, নোয়াখালী | যে সকল সমবায় সমিতিকে আদর্শ হিসেবে বিবেচিত করা হবে তার তালিকা (সমিতির নাম,নিবন্ধন নম্বর ও তারিখ,কিসের ভিত্তিতে মডেল হিসেবে বিবেচিত তার প্রমাণক) |
| [২.২] সমবায় সুশাসন প্রতিষ্ঠা | [২.২.১] কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদিত | উপজেলা সমবায় কার্যালয়, কোম্পানীগঞ্জ ও জেলা সমবায় কার্যালয়,নোয়াখালী | সম্পাদিত নিরীক্ষা প্রতিবেদন |
| [২.২] সমবায় সুশাসন প্রতিষ্ঠা | [২.২.২] সমবায় সমিতি পরিদর্শন সম্পাদিত | উপজেলা সমবায় কার্যালয় কোম্পানীগঞ্জ, নোয়াখালী | সম্পাদিত পরিদর্শন প্রতিবেদন। |
| | [২.২.৩] কার্যকর সমিতির নির্বাচন অনুষ্ঠিত/অন্তর্বর্তী কমিটি গঠিতত | উপজেলা সমবায় কার্যালয় কোম্পানীগঞ্জ, নোয়াখালী | উপজেলা সমবায় কার্যালয় ঘোষিত তফশীল মোতাবেক নির্বাচনের তারিখ,ফলাফল,নির্বাচন কমিটির সর্বশেষ রেজুলেশন। প্রযোগ্য ক্ষেত্রে অন্তর্বর্তী কমিটি গঠনের আদেশ নম্বর ও তারিখ। |
| | [২.২.৪] কার্যকর সমিতির বার্ষিক আর্থিক বিবরনী প্রাপ্তি নিশ্চিত | উপজেলা সমবায় কার্যালয় কোম্পানীগঞ্জ, নোয়াখালী | নিরীক্ষা সংশোধনী প্রতিবেদন। |
| | [২.২.৫] নিরীক্ষা সম্পাদিত সমিতির এজিএম অনুষ্ঠিত | উপজেলা সমবায় কার্যালয় কোম্পানীগঞ্জ, নোয়াখালী | অনিরীক্ষিত আর্থিক বিবরণীর ১০০% সমবায় বর্ষ সমাপ্তির তারিখ হইতে ৩০ দিনের মধ্যে সকল সমিতির বার্ষিক আর্থিক বিবরণী প্রাপ্তি নিশ্চিত করা (জমা-খরচ হিসাব, লাভ-ক্ষতি হিসাব, স্থিতিপত্র) |
| [২.২] সমবায় সুশাসন প্রতিষ্ঠা | [২.২.৬] নিরীক্ষা সংশোধনী প্রতিবেদন দাখিলকৃত | উপজেলা সমবায় কার্যালয় কোম্পানীগঞ্জ, নোয়াখালী | এজিএম অনুষ্ঠানের নোটিশ, অনুষ্ঠিত সভার রেজুলেশন ও হাজিরা শীট |
| [২.৩] রাজস্ব আদায় | [২.৩.১] নিরীক্ষা ফি আদায়কৃত | উপজেলা সমবায় কার্যালয় কোম্পানীগঞ্জ, নোয়াখালী | ধার্য তালিকা ও আদায়কৃত নিরীক্ষা ফি জমার চালানের কপি |
| | [illegible] | উপজেলা সমবায় কার্যালয় কোম্পানীগঞ্জ, নোয়াখালী | ধার্য তালিকা ও আদায়কৃত সিডিএফ জমার রশিদের কপি |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [৩.১] স্থানীয় চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ | [৩.১.১] ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠিত (পুরুষ/মহিলা) | প্রশিক্ষণের আমন্ত্রণপত্র/মনোনয়ন পত্র, ঠিকানাসহ অংশগ্রহণকারীদের নামের তালিকা | প্রশিক্ষণের আমন্ত্রণপত্র/মনোনয়ন পত্র, ঠিকানাসহ অংশগ্রহণকারীদের নামের তালিকা |
| [৩.২] সমবায় ইনস্টিটিউটে চাহিদা অনুযায়ী প্রশিক্ষণার্থী প্রেরণ | [৩.২.১] প্রশিক্ষণার্থী প্রেরিত (পুরুষ/মহিলা) | প্রশিক্ষণের আমন্ত্রণপত্র/মনোনয়ন পত্র, প্রেরিত প্রশিক্ষণার্থীর তালিকা | প্রশিক্ষণের আমন্ত্রণপত্র/মনোনয়ন পত্র, প্রেরিত প্রশিক্ষণার্থীর তালিকা |
| [৩.৩] প্রাতিষ্ঠানিক স্বীকৃতি | [৩.৩.১] জাতীয় সমবায় পুরস্কারের জন্য মনোনয়ন প্রেরিত | উপজেলা হতে ক্যাটাগরীভিত্তিক প্রেরিত সমিতির নাম ও যাবতীয় তথ্যাদি (উপজেলা মনোনয়ন কমিটির রেজুলেশন) | উপজেলা হতে ক্যাটাগরীভিত্তিক প্রেরিত সমিতির নাম ও যাবতীয় তথ্যাদি (উপজেলা মনোনয়ন কমিটির রেজুলেশন) |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| নিবন্ধন | নিবন্ধন আবেদন নিষ্পত্তিকৃত | চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, সিএজি, পিএসসি ও নির্বাচন কমিশন | আবেদনকারী সমবায়ীদের NID যাচাই অনলাইনে সম্পাদন হলে নিবন্ধন প্রক্রিয়া সহজ এবং স্বচ্ছ হবে। আবেদনকারী সমবায়ীদের NID যাচাই করার জন্য নির্বাচন কমিশনের ডাটাবেইজ-এ প্রবেশে সহায়তা। |
| সমবায় সুশাসন প্রতিষ্ঠা | কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদিত | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) | নিবন্ধিত সক্রিয় সমবায় সমূহের মধ্যে ০২টি কেন্দ্রীয় সমবায় সমিতি বিআরডিবি'র আওতাভুক্ত। উক্ত সমবায় সমিতি সমূহের নিরীক্ষা যথাসময়ে সম্পাদনে বিআরডিবি কর্তৃপক্ষের সহযোগিতা প্রয়োজন। বিআরডিবিভুক্ত সমবায় সমিতি সমূহের নিরীক্ষা ৩১, ডিসেম্বর তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। |
| সমবায় সুশাসন প্রতিষ্ঠা | কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদিত | কাল্ব | কাল্বভুক্ত নিবন্ধিত ১টি সমবায় সমিতির নিরীক্ষা যথাসময়ে সম্পাদনের দায়িত্ব কাল্ব কর্তৃপক্ষের। কালবভুক্ত সমবায় সমিতি সমূহের নিরীক্ষা ৩১, মার্চ তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। |
| রাজস্ব আদায় | নিরীক্ষা ফি আদায়কৃত | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) | বিআরডিবি ভুক্ত সমবায় সমিতি সমূহের নিয়ন্ত্রক সংস্থা বিআরডিবি কর্তৃপক্ষ। উক্ত কর্তৃপক্ষের সমবায় সমিতি সমূহের উপর ধার্য্যকৃত নিরীক্ষা ফি ও সমবায় উন্নয়ন তহবিল পরিশোধের দায়িত্ব বিআরডিবি কর্তৃপক্ষের। ধার্য্যকৃত নিরীক্ষা ফি ও সমবায় উন্নয়ন তহবিল ৩০, জুন তারিখের মধ্যে পরিশোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা করা। |
| রাজস্ব আদায় | সমবায় উন্নয়ন তহবিল আদায়কৃত | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) | বিআরডিবি ভুক্ত সমবায় সমিতি সমূহের নিয়ন্ত্রক সংস্থা বিআরডিবি কর্তৃপক্ষ। উক্ত কর্তৃপক্ষের সমবায় সমিতি সমূহের উপর ধার্য্যকৃত নিরীক্ষা ফি ও সমবায় উন্নয়ন তহবিল পরিশোধের দায়িত্ব বিআরডিবি কর্তৃপক্ষের। ধার্য্যকৃত নিরীক্ষা ফি ও সমবায় উন্নয়ন তহবিল ৩০, জুন তারিখের মধ্যে পরিশোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা করা। |

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ